সংবাদ

তারিখ 13 JAN 2008 পৃষ্ঠা ১৩ কলাম ৭

DZ Report

# বসুন্ধরায় আন্তর্জাতিক শিক্ষা প্রদর্শনী শুরু আজ : অংশ নিচ্ছে ডিবিআই

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) সেমস আয়োজিত দ্বিতীয় আন্তর্জাতিক শিক্ষা প্রদর্শনী ২০০৮ এ অংশগ্রহণ করতে যাচ্ছে। শিক্ষা প্রদর্শনী আজ রোববার থেকে বসুন্ধরা সিটির লেভেল-৭ এ অবস্থিত বসুন্ধরা প্রদর্শনী কেন্দ্রে আয়োজিত হচ্ছে। মেলায় স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্স, মধ্যমেয়াদি সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে বিভিন্ন দিক তুলে ধরা হবে। বিশেষ উল্লেখযোগ্য প্রশিক্ষণ কোর্সগুলো হল (১) ৪০টি প্রফেশনাল শর্ট ট্রেইনিং কোর্স (৩ ও ৫ দিনের): (২) জেনেভাস্থ আইটিসি-ডব্লিও টিও / আনকটাড এর সঙ্গে যৌথ উদ্যোগে আয়োজিত পারচেজিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজম্যান্ট এর ওপর এবং সার্টিফিকেট / ডিপ্লোমা কোর্স: (৩) আইআইইউসির সঙ্গে যৌথভাবে পরিচালিত এক্সিকিউটিভ এমবিএ কোর্স: (৪) এসইডিএফ-আইসি'র সহযোগিতায় তিন মাস মেয়াদী স্পোকেন ইংলিশ ফর বিজনেস কমিউনিকেশন এবং পিসি এন্ড ইন্টারনেট ফর বিজনেস কমিউনিকেশন প্রভৃতি। মেলায় ডিবিআই বিভিন্ন কোর্সের জন্য ১০-১৫ ভাগ কর্পোরেট ডিসকাউন্টের সুবিধা প্রদান করছে। আন্তর্জাতিক শিক্ষা মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ইউসুফ হায়দার। সংবাদ বিজ্ঞপ্তি।